# টেক্সওয়ার্ল্ড প্যারিস মেলায় বাংলাদেশের অংশগ্রহণ

ফ্রান্সের প্যারিসে অবস্থিত ল্যা বুর্জে এক্সিবিশন সেন্টারে ১৭-২০ সেপ্টেম্বর, ২০১৮ সময়ে অনুষ্ঠিত টেক্সওয়ার্ল্ড প্যারিস মেলায় বাংলাদেশ অংশগ্রহণ করে। এ মেলায় বাংলাদেশ, ক্যাম্বোডিয়া, চীন, কলাম্বিয়া, ফ্রান্স, জার্মানি, হং কং, ভারত, ইন্দোনেশিয়া, কোরিয়া, লেবানন, নেপাল, নেদারল্যান্ডস, পাকিস্তান, পর্তুগাল, স্পেন, শ্রীলংকা, তাইওয়ান ও তুরস্ক হতে তৈরি পোষাক ও চামড়াজাত দ্রব্যের বাহারি পসরা নিয়ে সংশ্লিষ্ট পণ্য-সামগ্রীর উৎপাদক, রপ্তানিকারক, মার্কেটিং এজেন্টসমূহ অংশ নেয়।

বাংলাদেশ হতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর পৃষ্ঠপোষকতায় অংশগ্রহণকারী ১১টি প্রতিষ্ঠান হচ্ছে ভয়েজার এ্যাপারেলস্ লিঃ, ইভিই ড্রেস শার্টস্ লিঃ, এক্সপেরিয়েন্স টেক্সটাইল লিঃ, মাহমুদ ফ্যাব্রিক্স এন্ড ফিনিশিং, মাহমুদ ডেনিম লিঃ, এ্যামাস ফুটওয়্যার লিঃ, বিএলজে বাংলাদেশ কর্পোরেশন লিঃ, মেগুমি ফুটওয়্যার লিঃ, ফাহিম এ্যাপারেলস্ লিঃ, ডিকে স্যুয়েটার লিঃ এবং এভারব্রাইট স্যুয়েটার লিঃ। এছাড়াও নিজস্ব ব্যবস্থাপনায় আরও ১০টি বাংলাদেশী কোম্পানী উক্ত এক্সপো-তে অংশ নেয়। তৈরি পোষাক, ফেব্রিক্স ও চামড়াজাত পণ্য-সামগ্রীর উৎপাদক হিসেবে এ মেলায় অংশগ্রহন তাদের জন্য এক আশাব্যঞ্জক অভিজ্ঞতার বিষয়। বাংলাদেশী স্টলসমূহে প্রদর্শিত পণ্যের মধ্যে শার্ট, টি-শার্ট, পলো শার্ট, টপস্, শিশুদের পোষাক, ফ্যাব্রিক্স, ডেনিম, ওভেন, স্যুয়েটার, পুলওভার, কার্ডিগান, পাদুকা, ছোট ছোট চামড়াজাত দ্রব্য, ওয়ালেট, লেডিস পার্স ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রদর্শিত এসব পণ্য সম্ভাব্য আমদানিকারক ও দর্শনার্থীদের দৃষ্টি আকর্ষণে সক্ষম হয়েছে মর্মে প্রতীয়মাণ হয়।

১৮ সেপ্টেম্বর, ২০১৮ ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত কাজী ইমতিয়াজ হোসেন মেলায় বাংলাদেশ প্যাভিলিয়ন পরিদর্শন করেন। এ সময় তিনি পণ্য ও স্টল উভয়কে সুসজ্জিত করে দর্শনার্থী ও ক্রেতার মনোযোগ আকর্ষনের লক্ষ্যে উপস্থাপনের উপর গুরুত্বারোপ করেন। তিনি বাংলাদেশ হতে অংশগ্রহনকারী প্রতিটি স্টল ঘুরে ঘুরে দেখেন। ইউরোপিয়ান ইউনিয়নের অন্তর্ভুক্ত অত্যন্ত রুচিশীল বাজার ফ্রান্স সহ গোটা ইইউ'র সাথে বাংলাদেশের বিদ্যমান বাণিজ্যিক অবস্থাকে আরও সুদৃঢ়করনের লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোকপাত করেন। অত্যন্ত অভিজ্ঞ ও দক্ষ পেশাদারিত্বের মাধ্যমে টেক্সওয়ার্ল্ড প্যারিস পরিচালিত আন্তর্জাতিক বাণিজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়বস্তুর প্রাঞ্জল উপস্থাপনায় সমৃদ্ধ। মেলা সংশ্লেষে আয়োজিত সেমিনারে বক্তাগণ ডিজিটাল টেক্সটাইল মাইক্রোফ্যাক্টরিজ, পোষাক শিল্প, শরৎকালীণ রং, টেকসই ম্যাটিরিয়াল ও প্রসেস, ইকো-প্রিন্টিং ও ইকো-ডাইং, ফ্যাশন ব্রান্ডসমূহের প্রভাব, সৃজনশীল শিল্পে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন পণ্য উদ্ভাবন, পোষাক শিল্পে বাংলাদেশের সক্ষমতা প্রভৃতি বিষয়ের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন। অপরাহ্নে সেমিনার হলে বাংলাদেশের পোষাক শিল্পের বর্তমান অবস্থা, ভবিষ্যৎ সম্ভাবনার উপর তথ্যবহুল বক্তব্য উপস্থাপন করেন মান্যবর রাষ্টদূত। এছাড়া ১৯ সেপ্টেম্বর মেলার হলে স্থাপিত র‌্যাম্প এ বাংলাদেশের তৈরিপোষাক ও পাদুকা পরিধান করিয়ে পেশাদার মডেলদের মাধ্যমে ক্যাটওয়াক আয়োজন করা হয় যা দর্শনার্থী তথা গণমাধ্যমের নজর কাড়তে সক্ষম হয়।

শত শত দর্শনার্থী, বাজার বিশ্লেষক, সংবাদকর্মী, আমদানিকারক, মধ্যস্থতাকারী ও বিক্রেতা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ বাংলাদেশ প্যাভিলিয়ন পরিদর্শন করেন। এ সময় তাদের যাচিত তথ্যাদি ইপিবি বুথ এর মাধ্যমে সরবরাহ করা হয়।

মেলায় অংশ নেয়া বাংলাদেশী কোম্পানিসমূহ প্রচুর বাণিজ্যিক অনুসন্ধান গ্রহণ এবং সম্ভাব্য ক্রেতাদের সাথে একক সভায় মিলিত হন। তারা বেশ কিছু সংখ্যক বিক্রয় চুক্তি সম্পাদন ও সম্ভাব্য রপ্তানি আদেশ অর্জনে সক্ষম হয়। আমদানিকারক এবং দর্শনার্থীদের মাঝে তারা তাদের কোম্পানি প্রোফাইল, ক্যাটলগ, ব্রুসিয়র, প্রডাক্ট স্পেসিফিকেশন বিতরণ করেন। বাংলাদেশ দূতাবাসে নিযুক্ত কমার্শিয়াল কাউন্সেলর দিলারা বেগম এ আয়োজনকে স্বার্থক করতে চমৎকার ভূমিকা পালন করেন।

টেক্সওয়ার্ল্ড প্যারিস বিশ্বের অন্যতম উল্লেখযোগ্য মেলা যেখানে তৈরি পোষাক, চামড়াজাত সামগ্রী, প্যাকেজিং, প্রিন্টিং, উন্নত প্রযুক্তি ইত্যাদির অপূর্ব সমাহার ঘটে থাকে। এ ধরনের একটি উন্নত মেলায় বাংলাদেশের প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণ নতুন নতুন বাজার ও ক্রেতা অন্বেষণের ক্ষেত্রে নিঃসন্দেহে গর্বের বিষয় এবং সম্ভাবনাময়। ভবিষ্যতে এ ধরনের মেলায় বাংলাদেশের অংশগ্রহণ অব্যাহত রাখা সমীচীন মর্মে বাজার বিশ্লেষকগণ মনে করেন।

***

মোঃ শাহ্‌জালাল
উপ-পরিচালক
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ঢাকা।

# Bangladesh participation in Texworld Paris, France

Bangladesh has participated in the ***Texworld*** fair organized at Paris Le Bourget Exhibition Centre, Paris, France during 17 to 20th September, 2018. This exposition showcased a wide range of products like fabrics, textile products, ready-to-wear garments, fashion wears, leather & leather goods from Bangladesh, Cambodia, China, Columbia, France, Germany, Hong Kong, India, Indonesia, Korea, Lebanon, Nepal, Netherlands, Pakistan, Portugal, Spain, Sri Lanka, Taiwan and Turkey.

The companies from Bangladesh that participated in this Exposition include M/s Voyager Apparels Ltd., EVE Dress Shirts Limited, Experience Textile Ltd, Mahmud Fabrics and Finishing, Mahmud Denim Ltd, Amass Footwear Ltd, BLJ Bangladesh Corporation Ltd, Megumi Footwear Ltd, Fahim Apparels Ltd, DK Sweater Ltd and Everbright Sweater Limited respectively. They have participated under the patronization of Export Promotion Bureau (EPB) Bangladesh which resulted into a great experience for the exporters & manufacturers of apparels, fabrics and leather products. In the Bangladesh stands the participating companies displayed woven and knit garments like T-Shirt, Polo Shirt, Shirts, Tops, children wear, fabrics (yarn dyed and solid), denim & woven, sweaters, pullovers, cardigans, small leather goods, shoes, wallet, money bag, ladies purses etc. Furthermore at least 10 companies participated in this expo under their respective initiative/management. Their exhibits attracted the attention of visitors and potential importers.

On September 18, H.E the Ambassador of Bangladesh to France paid a visit to the Bangladesh Pavilion. While visiting the stalls, he urged on the attractive decoration of stalls by the participants of ***Texworld***, a world renowned event. He visited each of the stalls and exchanged views on mutual status of business between France & Bangladesh and urged about what to do for the improvement of our exports targeting the sophisticated markets of France including the **EU**. The ***Texworld Paris*** or ***Apparel Sourcing Paris*** is the highly advanced trade event on the educational series topics and speakers. Through the seminars, as sideline events, the fair authority focused on industry hot topics signifying color and fabric trends, sustainability and performance fibers and textiles. The present status and huge potentialities of Bangladesh export was pointed out clearly through a keynote paper as presented by the Honorable Ambassador in the afternoon. On September 19, a ***Catwalk*** titled **'Bangladesh on Stage'** was organized by the participants where the models were wearing and showcasing the fashionable products from Bangladesh which attracted the attention of a huge number of visitors and media people. Hundreds of visitors, importers, potential buyers and facilitators visited Bangladesh Pavilion. Information and data on different aspects of our export trade were disseminated among them.

The participating companies received huge number of trade queries. A good number of one-to-one meetings were held with the potential importers. The participating companies have received a good number of export orders followed by sales contracts. Company profiles, catalogues both in printed and audio-visual forms, containing product specifications, were distributed among the visitors by the participants. Mrs. Dilara Begum, the Commercial Counselor of Bangladesh Embassy to Paris played an excellent role with a view to turning the event a successful one.

***Texworld Paris*** is one of the largest exhibitions on apparel, leather products, packaging, printing, machinery and highly developed technologies. Participation in such a fair is unquestionably a good experience for our manufacturers and exporters. It is an excellent opportunity to source and select global products and for capturing new markets & buyers. Marketing specialists opine that participation in such a prestigious exhibition should be continued by the exporters from Bangladesh.

***

২৫|১০|১৮

মোঃ শাহ্‌জালাল
উপ-পরিচালক
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ঢাকা।